



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাতে

## দুনিয়ার জন্য বিলাপ কোরোনা

আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।  
আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।  
আস-সালাতু ওয়া আস-সালামু' আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।  
মাদাদ ইয়া রাসুল আল্লাহ্ মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহ্ মাদাদ ইয়া মাশাইখিনা,  
শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।  
তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।

আমাদের পবিত্র নাবী (সাঃ) এর হাদিসগুলো অত্যন্ত সুন্দর। গতকাল আমরা একটি হাদিস পড়েছি যেখানে তিনি মানুষের উপকারের জন্য বলেছেন, “দুনিয়ার জন্য যে শোকার্ত হবে সে জাহান্নামের এক হাজার বছর কাছে চলে আসবে আর আখিরাতের জন্য যে শোকার্ত হবে সে জাহান্নাম থেকে এক হাজার বছর দূরে চলে যাবে।”

যে জিনিস শেষ হয়ে চলে গেছে তার জন্য আক্ষেপ করা অর্থহীন। এই পৃথিবী হাতছাড়া হয়ে গেছে। তুমি যত ইচ্ছা বিলাপ করতে পার, যত ইচ্ছা নিজেকে থাপ্পড় মারতে পার অথবা যত ইচ্ছা নিজের চুল ছিঁড়তে পার, আর কিছুতেই কিছু হবে না। উপরন্তু এই আফসোস তোমাকে জাহান্নামের কাছে নিয়ে যাচ্ছে। এই লালসা তোমাকে দুনিয়াতে পোড়াচ্ছে এবং আখিরাতের আগুনের কাছে নিয়ে যাচ্ছে। তাই তুমি মনের ভিতরে যেই জ্বলন অনুভব কর তা জাহান্নামের নিকটবর্তী হবার কারণে কর।

এখন আর তুমি কিছুই করতে পারবে না কারণ তুমি একটি ভালো কাজও করনি, তুমি কিছুই করনি আখিরাতের জন্য। কিন্তু তুমি যদি তার জন্য শোকার্ত হও তাহলে তার উপকারিতা আছে কারণ তা তোমাকে আগুন থেকে দূরবর্তী করবে। আর তোমার এটা নিয়ে বিলাপ করার কারণে আল্লাহ্ (জাল্লা জালালুহু) তোমাকে এমনভাবে পুরস্কৃত করবেন যেন তুমি তা করেছ।

আমাদের পবিত্র নাবী (সাঃ) হতে আসা এটি একটি অতি সুন্দর উপদেশ। অনেক লোক দুনিয়াতে কিছু না করে যাওয়ার জন্য আক্ষেপ করে এবং জ্বলে মরে। তারা কোণ একটা জিনিস না পাওয়ার জন্য অথবা তাদের খারাপ কিছু হয়েছে বলে বিলাপ করে। এটা করা হয় অর্থহীনভাবে, যার মানে, এর কোন উপকার নেই। তাদের দুনিয়া বা আখিরাত কোনটার জন্যই এই আক্ষেপের কোন উপকার নেই।

কিন্তু দ্বিতীয় রকমের আক্ষেপ অত্যাবশ্যকীয়। তারা যদি আক্ষেপ করে নামায না পড়তে পারার জন্য, রোজা না রাখতে পারার জন্য, ভালো আমাল না করতে পারার জন্য অথবা হজে না যেতে পারার জন্য, এগুলো আক্ষেপের উপকার আছে। আল্লাহ্ আমাদের হৃদয় থেকে দুনিয়া বের করে দিন যেন



## হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

আমরা দুনিয়ায় স্বাচ্ছন্দ্য বোধ করতে পারি এবং আখিরাতে লাভবান হতে পারি।

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক

আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল  
২৪ ফেব্রুয়ারি ২০১৬/১৫ জুমাদ আল-আউয়াল ১৪৩৭  
ফাজর নামায, আকবাবা দারগাহ।